ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯৪০

আগরতলা,২৬ নভেম্বর,২০২৪

# টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটিতে বিশ্ববিদ্যালয় সপ্তাহ




ত্রিপুরার টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটিতে আজ থেকে সপ্তাহব্যাপী বিশ্ববিদ্যালয় সপ্তাহ কর্মসূচি শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের লোকায়ুক্ত ড. বিভাস কান্তি কিলিকদার। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি এস সি দাস, টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর (ড.) রতন কুমার সাহা। অনুষ্ঠানে এছাড়াও বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের সদস্য উদিত চৌধুরী, মানবাধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস, কমিশনের প্রাক্তন সদস্য বিমল কান্তি রায় প্রমুখ।

টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটিতে সপ্তাহব্যাপী বিশ্ববিদ্যালয় সপ্তাহ সহ অন্যান্য অনুষ্ঠান সমাপ্ত হবে আগামী ২ ডিসেম্বর। অনুষ্ঠানে সংবিধান দিবস উদযাপন, আইন সম্পর্কিত কর্মসূচি, ফিট ইন্ডিয়া উইক অনুষ্ঠান পালন করা হবে।

*****